

২০১৯

বাংলা — সাধারণ

দ্বিতীয় সেমেস্টার

পেপার : CC/GE-2

পূর্ণমান - ৬৫

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

Only for General Candidates

- ১। (ক) বিভিন্ন স্তর উল্লেখ করে মধ্য-ভারতীয় আর্যভাষার পরিচয় দাও। ১০  
অথবা,  
(খ) আদি-মধ্য বাংলাভাষার সময়কাল নির্দেশ করো। এই ভাষার সাহিত্যিক নিদর্শন কী? এই ভাষার তিনটি ধ্বনিতাত্ত্বিক ও তিনটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। ২+২+৩+৩
- ২। (ক) যে-কোনো দুটি বিষয় উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫+৫  
দল, কলা, মাত্রা, পর্ব।  
অথবা,  
(খ) উদাহরণসহ দলবৃত্ত বা স্থাসাঘাতপ্রধান ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। ১০
- ৩। (ক) যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা এবং বৈশিষ্ট্য লেখো। ৫+৫  
শ্লেষ, যমক, সমাসোক্তি, ব্যাজন্তুতি।  
অথবা,  
(খ) উপমা অলংকার কাকে বলে? এই অলংকারের শ্রেণিবিভাগগুলি লেখো। যে-কোনো দুটি উপমা অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো। ২+২+(৩+৩)
- ৪। (ক) বৈদিক ভাষা ও সংস্কৃত ভাষার মধ্যে পার্থক্য নির্দেশ করো। ৫  
অথবা,  
(খ) অপভ্রংশ ও অবহট্ট স্তর বলতে কী বোঝো? ৫
- ৫। ব্যাখ্যাসহ যে-কোনো একটি কাব্যংশের ছন্দোলিপি নির্ণয় করো। (পর্ব, পদ, পঙ্ক্তি, লয়, মাত্রা ও রীতির উল্লেখ করতে হবে।) ৫×১  
(ক) আমরা ধরি মৃত্যুরাজার  
যজ্ঞ ঘোড়ার রাশ,  
মোদের মৃত্যু লেখে মোদের  
জীবন ইতিহাস।

Please Turn Over

(খ) বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি,  
দেশে দেশে কত না নগর রাজধানী।

৬। ব্যাখ্যাসহ যে-কোনো একটি কবিতাংশের অলংকার নির্ণয় করো।

৫×১

(ক) ভারত ভারতখ্যাত আপনার গুণে।

(খ) এমন মানবজমিন রইল পতিত  
আবাদ করলে ফলতো সোনা॥

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) বাংলাভাষার যুগবিভাগ

(খ) যতি ও ছন্দ

(গ) বঙ্গোক্তি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্য উত্তর দাও।

১×১৫

(ক) বেদ কোন ভাষায় লেখা?

(খ) ভারতীয় আৰ্যভাষা কয়ভাগে বিভক্ত এবং কী কী?

(গ) প্রাচীন ভারতীয় আৰ্যভাষার নিদর্শন কী?

(ঘ) মধ্যভারতীয় আৰ্যভাষার প্রচলিত প্রাকৃতগুলির নাম লেখো।

(ঙ) মাগধী প্রাকৃতির পূর্বা শাখা থেকে কোন্ কোন্ ভাষার উদ্ভব ঘটেছিল?

(চ) মুক্তক ছন্দ কে কোন কাব্যে প্রথম প্রয়োগ করেন?

(ছ) মুক্তদল কাকে বলে? উদাহরণ দাও।

(জ) 'আকাশ' শব্দের দল বিশ্লেষণ করো।

(ঝ) কলাবৃত্ত ছন্দের অপর নামগুলি লেখো।

(ঞ) অমিত্রাক্ষর ছন্দ কে কোন কাব্যে সৃষ্টি করেছিলেন?

(ট) 'অলংকার' শব্দটির অর্থ লেখো।

(ঠ) উৎপ্রেক্ষা অলংকারের বিভাগগুলি উল্লেখ করো।

(ড) শব্দালংকার কত প্রকার ও কী কী?

(ঢ) রূপক অলংকারের শ্রেণিবিভাগগুলি লেখো।

(ণ) 'চল চপলার চকিত চমকে' — কী অলংকার?